দৈনিক সংবাদ

৮/৫/২০০১
তারিখ ........
পৃষ্ঠা ১২ কলাম ...১...

কলেজ শিক্ষক সমিতি

# এইচএসসি পরীক্ষায় নকল বন্ধ করতে ছাত্র সংসদের কার্যক্রম স্থগিত রাখা প্রয়োজন

নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে জাতির অস্তিত্বের স্বার্থে যেকোন মূল্যে পাবলিক পরীক্ষায় দুর্নীতি রোধ করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, পরীক্ষায় নকল বন্ধ করতে না পারলে জাতি হিসেবে আমরা নিশ্চিত ধ্বংসের পথে অগ্রসর হব।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যক্ষ আসাদুল হক ও অতিরিক্ত সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ নূরুন্নবী সিদ্দিকী। এছাড়াও উপস্থিত ছিলেন অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, অধ্যক্ষ মারেফা খাতুন, আবদুর রব মিয়া, মির্জা মহিউদ্দিন, অধ্যাপক নজরুল ইসলাম খান প্রমুখ।

শিক্ষক নেতৃবৃন্দ আগামী ১০ই মে থেকে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা চলার সময় পরীক্ষা কেন্দ্রে শান্তি-শৃঙ্খলা এবং নকলমুক্ত পরিবেশ বজায় রাখার জন্য ছাত্র সংসদের কার্যকারিতা স্থগিত রাখা উচিত বলে অভিমত দিয়েছেন।

পরীক্ষার সময় রাজনৈতিক দলভুক্ত ছাত্র এবং অছাত্র কর্মীদের পরীক্ষা কেন্দ্রে প্রবেশে বিরত রাখার জন্য শিক্ষক নেতৃবৃন্দ সংসদ সদস্য ও রাজনৈতিক নেতাদের প্রতি অনুরোধ জানান।

জাতীয় পরীক্ষা নীতি প্রণয়নের আহ্বান জানিয়ে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, পরীক্ষ ক্ষেত্রে আন্তর্জাতিক মানসম্পন্ন ব্যবস্থার আলোকে একটি নতুন পদ্ধতি বের কর এখন অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। তার বলেন, কোন অবস্থাতেই যাতে দলী অথবা আঞ্চলিক প্রভাবে পরীক্ষা কেন্দ্র স্থাপিত হতে না পারে তা নিশ্চিত করতে হবে।

ভাল শিক্ষার জন্য উপযুক্ত দক্ষ শিক্ষ প্রয়োজন— এ অভিমত দিয়ে শিক্ষ

এইচএসসি ঃ পৃঃ ২ কঃ ২

## এইচএসসি ঃ নকল বন্ধ করতে

(১২-এর পৃষ্ঠার পর)

নেতৃবৃন্দ বলেন, দক্ষ ও উপযুক্ত শি পেতে হলে শিক্ষকদের জন্য আ জাতীয় বেতন স্কেল প্রবর্তন করতে হ তারা বলেন, প্রয়োজনে শিক্ষকদের বে রাষ্ট্রপতির বেতনের চেয়েও বেশি পারে।

পরীক্ষায় পরিদর্শকের দায়িত্ব শিক্ষকদের পেশার মর্যাদা সমুন্নত নিষ্ঠার সঙ্গে কাজ করার জন্য শি নেতৃবৃন্দ আহ্বান জানান।